



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নাসাউ কাউন্টি অন্তর্বর্তীকালীন অর্থ কর্তৃপক্ষের নিয়োগ ঘোষণা করলেন

রিচার্ড কেসেল হবেন NIFA বোর্ডের প্রধান

গভর্নর ক্যাথি হোকল আজকে নাসাউ কাউন্টি অন্তর্বর্তীকালীন অর্থ কর্তৃপক্ষে (Nassau County Interim Finance Authority, NIFA) রিচার্ড কেসেলের নিয়োগের ঘোষণা করলেন। গভর্নর হোকল এছাড়াও ঘোষণা করলেন যে এই নিয়োগপ্রাপ্ত হয়ে, মিস্টার কেসেল বোর্ডের প্রধান ও পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন।

"রিচার্ড কেসেলের সেই ব্যাকগ্রাউন্ড এবং অভিজ্ঞতা আছে যা তাকে NIFA বোর্ডের এই শূন্যপদ পূরণ করার জন্য সেরা প্রার্থী করে," **গভর্নর হোকল বলেন।** "তাকে এই দায়িত্ব নিতে দেখে আমি গর্বিত এবং এই পদে থেকে বৃহত্তর নাসাউ সম্প্রদায়ের জন্য তিনি যেই ভালো কাজ করবেন তা দেখার জন্য উন্মুখ। এছাড়াও পূর্বের সভাপতি ও পরিচালক অ্যাডাম বার্কিকে নিউ ইয়র্কবাসীর প্রতি তার সেবা এবং এই পদে নিবেদনের জন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

নাসাউ কাউন্টি অন্তর্বর্তীকালীন অর্থ কর্তৃপক্ষ একটি সরকারি বেনিফিট কর্পোরেশন যা 2000 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের আইনসভা (New York State Legislature) কর্তৃক গঠিত হয়। কাউন্টির অর্থ সংক্রান্ত নজরদারি ও তত্ত্বাবধানের জন্য NIFA এর বিশেষ কিছু ক্ষমতা রয়েছে। পাশাপাশি, NIFA কাউন্টির বিভিন্ন উদ্দেশ্যে বন্ড এবং নোট জারি করার ক্ষমতা রাখে, যার মধ্যে কাউন্টির আউটস্ট্যান্ডিং ঋণের একটি অংশের পুনর্গঠন রয়েছে। গভর্নরের নিয়োগপ্রাপ্ত একটি সাত সদস্যের বোর্ড কর্তৃক NIFA পরিচালিত হয়, যার মধ্যে সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা, অ্যাসেম্বলির স্পিকার, স্টেটের কম্পট্রোলার প্রত্যেকের সুপারিশে একজন সদস্য নিয়োগপ্রাপ্ত হয়, এবং অন্য চার সদস্য সুপারিশ ব্যতীত নিয়োগ পায়। গভর্নর যাদের নিয়োগ দিয়েছেন তাদের মধ্যে দুইজন সদস্য এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা, অ্যাসেম্বলির স্পিকার, স্টেটের কম্পট্রোলারের সুপারিশ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত সদস্যদের অবশ্যই নাসাউ কাউন্টির স্থায়ী বাসিন্দা হতে হবে।

রিচার্ড কেসেল শক্তি ও ভোক্তা সংক্রান্ত বিষয়ে একজন অভিজ্ঞ এবং তার সরকারি চাকরির বিস্তৃত ব্যাকগ্রাউন্ড রয়েছে। মিস্টার কেসেল এর পূর্বে নাসাউ কাউন্টির ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির (Nassau County Industrial Development Agency) বোর্ড প্রধান হিসেবে এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। মিস্টার কেসেল নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York

University) থেকে একটি ব্যাচেলর্স ডিগ্রি এবং কলাম্বিয়া ইউনিভার্সিটি (Columbia University) থেকে একটি মাস্টার্স ডিগ্রি নিয়ে গ্র্যাজুয়েট করেছেন।

রিচার্ড কেসেল বলেন, "নাসাউ কাউন্টি অন্তর্বর্তীকালীন অর্থ কর্তৃপক্ষের প্রধান হিসেবে আমাকে নিয়োগদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। নাসাউ কাউন্টির অর্থ সংক্রান্ত নজরদারি ও তত্ত্বাবধান করার জন্য এবং কাউন্টি যাতে আর্থিকভাবে বলীয়ান থাকে তা নিশ্চিত করার জন্য 20 বছর পূর্বে NIFA গঠিত হয় এবং করদাতা ও বাসিন্দাদের সুরক্ষিত রাখার জন্য একটি ভারসাম্যপূর্ণ বাজেট ও স্থিতিশীল আর্থিক অবস্থা পাওয়ার জন্য এর একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে। কাউন্টিকে একটি ইতিবাচক দিকে অগ্রসর করার জন্য গভর্নর, তার প্রশাসন এবং NIFA বোর্ড সদস্যদের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418